আপনি কোনো স্কুল বা প্রশিক্ষণ প্রোগ্রামে নথিভুক্ত হওয়ার আগে

আপনি যে স্কুল বা প্রশিক্ষণ প্রোগ্রামটি বাছবেন তা যেন অবশ্যই বিশ্বাসযোগ্য, এবং আশা করা যাক, সাশ্রয়ীও হয়। আপনার খোঁজখবরে নিজের সহায়তার জন্যই এই পরামর্শগুলি কাজে লাগান। অনুগ্রহ করে "আপনি নিজের বা সন্তানের জন্য স্টুডেন্ট লোন নেওয়ার আগে" অংশটিও পড়ে নিন।

বিনামূল্যে এবং কম-খরচায় পাওয়া যায় এমন প্রাপ্তবয়স্ক শিক্ষা এবং প্রশিক্ষণের বিকল্পগুলির কথা বিবেচনা করুন।

NYC ডিপার্টমেন্ট অফ এডুকেশন রিসোর্সেস (Department of Education Resources)

schools.nyc.gov-এ যান বা **311**-এ কল করে এগুলির সম্পর্কে জিজ্ঞাসা করুন:

- আপনাকে আপনার হাই স্কুল ডিপ্লোমা বা টেস্ট অ্যাসেসিং সেকেন্ডারি কমপ্লিশন পেতে সাহায্য করে কিনা (Test Assessing Secondary Completion, TASC); বা
- কলেজে ভর্তি হতে বা কোনো পেশায় ঢোকার প্রশিক্ষণ শুরু করতে সাহায্য করে; বা
- চাকরির প্রশিক্ষণের বিকল্প, যার মধ্যে Brooklyn, Manhattan, Queens এবং Bronx অবস্থিত প্রাপ্তবয়স্কদের শিক্ষা কেন্দ্রগুলিও অন্তর্ভুক্ত রয়েছে।

অন্যান্য সংস্থান

- সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (City University of New York, CUNY): cuny.edu
- স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (State University of New York, SUNY): suny.edu
- সরকারী গ্রন্থাগার: nypl.org; bklynlibrary.org; queenslibrary.org
- কম্যুনিটি-ভিত্তিক সংস্থা
- ওয়ার্কফোর্স 1 কেরিয়ার সেন্টার্স: nyc.gov/sbs

আপনার TASC পাওয়ার জন্য ক্লাস করাতে কিন্তু আপনার কোনো বেসরকারি কলেজে ভর্তি হওয়ার দরকার নেই।

লাইসেন্সবিহীন বৃত্তিমূলক বা ট্রেড স্কুলগুলিকে এড়িয়ে চলুন।

যদি আপনি কোনো লাইসেন্সবিহীন স্কুলে ভর্তি হন, তাহলে আপনি বহু ক্ষেত্রেই লাইসেন্স পাওয়ার পরীক্ষায় বসতে পারবেন না। নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টকে (212) 643-4760 -তে বা (518) 474-3969-তে কল করে দেখুন যে কোনো বৃত্তিমূলক বা ট্রেড স্কুল লাইসেন্সপ্রাপ্ত কিনা।

গবেষণা।

আপনার জন্য কোন স্কুলটি সঠিক হবে সেটি বেছে নেওয়ার আগে অনেকগুলি স্কুলের তত্ত্বানুসন্ধান করুন। স্নাতক হওয়া ও স্নাতক সম্পূর্ণ করার হার, স্নাতকদের মধ্যে গড়পড়তা স্টুডেন্ট লোনের ঋণ এবং আপনার সংগ্রহ করা ক্রেডিটগুলি অন্য স্কুলে স্থানান্তরিত করা যাবে কিনা সে ব্যাপারে তথ্য চান।

নিজে নিজে স্বতন্ত্রভাবেও গবেষণা করুন। যেসব প্রাক্তন শিক্ষার্থীরা প্রোগ্রামটি সম্পূর্ণ করেছেন নিজের নেটওয়ার্ক ব্যবহার করে তাদের সাথে যোগাযোগ করুন, এবং দেখা করতে গেলে বর্তমান শিক্ষার্থীদের সাথেও কথা বলুন। আপনার আকাঙ্খিত ক্ষেত্রের নিয়োগকারীদের সাথে যোগাযোগ করে জিজ্ঞাসা করুন, যে স্কুলটিতে আপনি ভর্তি হওয়ার কথা বিবেচনা করছেন সেটি যথাযথ কিনা। বিভিন্ন স্কুলে প্রোগ্রামগুলির খরচা তুলনা করে দেখুন, আপনি যে স্কুলটিতে ভর্তি হওয়ার কথা ভাবছেন সেটির বিরুদ্ধে কোনো নেতিবাচক খবর বা মোকদ্দমা চলছে কিনা দেখুন, এবং স্কুল থেকে উপার্জন ও চাকরি পাওয়ার যে ডেটা পাচ্ছেন সেটি কলেজ স্কোরকার্ড এবং কলেজ নেভিগেটরের সাথে মিলিয়ে দেখুন।

মনে রাখবেন: যদি কোনো স্কুল বা ট্রেনিং প্রোগ্রামের সব আঙ্গিকগুলো শুনে সত্যি হওয়ার পক্ষে একটু বেশিই ভালো মনে হয়, তাহলে দুবার ভাবুন।

স্কুলের প্রত্যয়নের (সামগ্রিক, আঞ্চলিক, প্রাতিষ্ঠানিক এবং প্রোগ্রামবিশিষ্ট) সাথে কারা প্রত্যয়ন দিচ্ছে সেটিও দেখে নিন।

এই পদক্ষেপগুলি অনুসরণ করুন:

1. কোনো স্কুল প্রত্যয়িত কিনা দেখতে, www.ed.gov/accreditation-এ যান।
2. স্টেটের ওয়েবসাইট দেখে, বা আপনার আকাঙ্খিত ক্ষেত্রের সাথে প্রাসঙ্গিক পেশাদার, অথবা শংসাপত্রদানকারী এজেন্সীর ওয়েবসাইট দেখে প্রোগ্রামগুলির প্রত্যয়ন আছে কিনা পরখ করে নিন। ডেন্টিস্ট্রির মত কিছু প্রোগ্রাম পেশাবিশিষ্ট শংসাপত্রদানের কর্তৃপক্ষের দ্বারা প্রত্যয়িত থাকে, এবং সেইসব ক্ষেত্রগুলিতে চাকরি পেতে গেলেও কোনো প্রত্যয়িত প্রোগ্রামে উপস্থিত থাকা বাধ্যতামূলক হয়।

বিঃ দ্রঃ: প্রত্যয়ন মানেই কিন্তু স্কুলের গুণমান সুনিশ্চিত করে না বা ক্রেডিট স্থানান্তরযোগ্যতা নিশ্চয়তা দেয় না। স্কুলের গুণমান মূল্যায়নের জন্য **গবেষণার** পরামর্শগুলি দেখুন।

যদি আপনি কোনো প্রত্যয়নহীন স্কুলে যান, তাহলে হয়তো আপনি ফেডারেল আর্থিক সহায়তার সুবিধালাভ নাও করতে পারে, ক্রেডিট কোনো প্রত্যয়িত স্কুলে স্থানান্তরিত নাও করতে পারেন, এবং আকাঙ্খিত ক্ষেত্রে চাকরি নাও পেতে পারেন।

আপনি যে দিন স্কুল দেখতে যাচ্ছেন সেইদিনই সাইন আপ করবেন না।

আপনার সাইন আপ করার আগে আপনাকে বুঝতে হবে যে প্রোগ্রামটির খরচা কতটা পড়বে এবং আপনি সেটি কীভাবে মেটাবেন। যদি কোনো স্কুল

বলে যে সেই বিশেষ সুবিধা শুধুমাত্র সেই দিনই পাওয়া যাচ্ছে, তাহলে চলে আসুন। কোনো স্কুলের নথিপত্রে স্বাক্ষর করার আগে আপনার পক্ষে নিজে থেকে শংসাপত্র ও আর্থিক সহায়তার প্রস্তাবগুলি যাচাই করা গুরুত্বপূর্ণ।

কখনোই এমন কিছুতে স্বাক্ষর করবেন না যা আপনি বুঝতে পারছেন না।

যদি কোনো স্কুল আপনাকে অকুস্থলেই কোনো চুক্তি বা সমঝোতায় স্বাক্ষর করতে জোরাজুরি করে, তাহলে চলে আসুন। গুরুত্বপূর্ণ ফর্মগুলি সর্বদাই ঘরে নিয়ে আসুন যাতে আপনি আরও মনোযোগ দিয়ে সেগুলি পড়তে পারেন এবং আপনি বিশ্বাস করেন এমন ব্যক্তিদের সাথে আলোচনা করতে পারেন।

এমন স্কুলগুলিকে বাদ দিয়ে চলুন যেগুলি আপনার গ্র্যাজুয়েশনের পরেই "চাকরির নিশ্চয়তা" দেয়।

কোনো স্কুল নিশ্চয়তা দিতে পারে না যে আপনি স্নাতক হলে চাকরি পাবেন কিনা। অনেক সময় এমন ঘটে, যে স্কুলগুলি এই ধরনের প্রতিশ্রুতি দিয়েছিল তারা আপনাকে কোনো চাকরির সুযোগ দিতে পারে না। কোনো স্কুল বিনিয়োগের পক্ষে সঠিক কিনা বুঝতে, চাকরি পাওয়ার হার কিরকম; চাকরি খোঁজায় আপনাকে সাহায্য করার জন্য কী কী পেশাভিত্তির পরিষেবা উপলভ্য রয়েছে; আপনার আকাঙ্খিত ক্ষেত্রে শুরুর দিকের বেতন কিরকম; এবং প্রাক্তনীদের মধ্যে কারা রয়েছেন জিজ্ঞাসা করুন যাতে আপনি স্নাতকদের সাথে আপনার পেশার সম্ভাব্য দিকগুলি নিয়ে কথা বলতে পারেন। এছাড়াও, আপনার আকাঙ্খিত পেশার লোকজন কোথা থেকে পড়েছেন তা জানতে LinkedIn দেখুন।

স্কুলটির টিউশন বাতিলকরণ নীতি লিখিতভাবে চান।

নীতিটিতে ব্যাখ্যা করে বলা উচিত যে আপনি বাতিল বা প্রত্যাহার করলেও কীভাবে আপনি অর্থ ফেরত্ পেতে পারেন। দুর্ভাগ্যবশত, একবার আপনি ক্লাসের জন্য সাইন আপ করে ফেললে, আপনার অর্থ ফেরত্ পাওয়া কঠিন হয়ে যেতে পারে। যদি কোনো স্কুল আপনাকে তাদের টিউশন বাতিলকরণ নীতির প্রতিলিপি দিতে অনিচ্ছুক হয়, তাহলে অন্য কোনো স্কুলের কথা ভাবুন।

অভিযোগ দাখিল করুন।

উচ্চশিক্ষার কোনো স্কুলের বিরুদ্ধে অভিযোগ দাখিল করতে 311-তে কল করুন বা nyc.gov/dca-তে যান।

নিখরচায় সহায়তা

কলেজ গোল NY (College Goal NY)-এর সাথে ফ্রী অ্যাপ্লিকেশন ফর ফেডারেল স্টুডেন্ট এইড সম্পূর্ণ (FAFSA) করে নিখরচায় সহায়তা পান

অনুষ্ঠানের অবস্থানের তালিকা দেখার জন্য www.collegegoalny.org-এ যান।

NYC ফিন্যান্সিয়াল এমপাওয়ারমেন্ট সেন্টারে নিখরচায় পেশাদার আর্থিক উপদেশ পান

সাক্ষাত্কার নিতে: 311-তে কল করুন | nyc.gov/dca-তে যান | * TalkMoney লিখে 42033-তে টেক্সট করুন

*মেসেজ এবং ডেটার শুল্ক প্রযোজ্য হতে পারে। আপনার পরিষেবাদাতার কাছ থেকে দেখে নিন।

NYC ফিন্যান্সিয়াল এমপাওয়ারমেন্ট সেন্টারগুলি কম্যুনিটি-নির্ভর সংস্থার সহযোগিতায় ডিপার্টমেন্ট অফ কনজিউমার অ্যান্ড ওয়ার্কার প্রোটেকশন কর্তৃক পরিচালিত। কাউন্সেলররাও প্রয়োজনমত অলাভজনক আইনি পরিষেবার কাছে সুপারিশ করতে পারে।

সংস্থান

কলেজ বোর্ড: https://bigfuture.collegeboard.org/pay-for-college/financial-aid-awards/compare-aid-calculator

কলেজ নেভিগেটর: nces.ed.gov/collegenavigator

কলেজ স্কোরকার্ড: collegescorecard.ed.gov

কনজিউমার ফিন্যান্সিয়াল প্রোটেকশন ব্যুরো (Consumer Financial Protection Bureau, CFPB): consumerfinance.gov

ফেডারেল স্টুডেন্ট এইড (U.S. শিক্ষাবিভাগের অংশ): studentaid.ed.gov/sa

ন্যাশনাল অ্যাসোসিয়েশন ফর কলেজ অ্যাডমিশন কাউন্সেলিং : https://www.nacacnet.org/globalassets/documents/publications/forprofit.pdf

নিউ ইয়র্ক স্টেট হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশন (Higher Education Services Corporation, HESC): hesc.ny.gov

U.S. শিক্ষা বিভাগ: https://studentaid.ed.gov/sa/types/loans#considerations

NYC
Consumer and Worker Protection
Bill de Blasio
Mayor
Lorelei Salas
Commissioner

07/2019